## বোচাগঞ্জ উপজেলার মহিলা ও শিশু উন্নয়ন কমিটির মার্চ/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ মারুফ হাসান
উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ ,দিনাজপুর।
সভার স্থান ঃ উপজেলা কনফারেন্স রুম।
বোচাগঞ্জ ,দিনাজপুর।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।
তারিখ ঃ ০৪/০৩/২০২৫ খ্রিঃ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যগনকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সদস্য সচিবকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থাপন করেন,বর্তমানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বোচাগঞ্জ ,দিনাজপুর কর্তৃক অত্র উপজেলায় ০৬ (ছয়) টি ইউনিয়নে ২০২৫-২০২৬ ভিডাব্লিউবি ২৪ (চব্বিশ) মাস মেয়াদি নতুন নির্দেশনা পাওয়া গেছে ২২৫৮ জন দুঃস্থ ও অসহায় মহিলা ভিডাব্লিউবি উপকারভোগী প্রতি মাসে ৩০ কেজি হারে চাল/গম পাবে। মা ও শিশু ভাতা প্রদান" কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত ভাতাভোগীর সংখ্যা ২৪৭০ জন। সেতাবগঞ্জ পৌরসভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের মা ও শিশু ভাতাভোগীর সংখ্যা ৮১৮ জন অনুমোদন হয়েছে। ফেব্রুয়ারি/২৫ পর্যন্ত ভাতার টাকা বিতরণ চলছে। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৪-২০২৫ অর্থ বছরে কার্যক্রম চলমান। অত্র উপজেলায় নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সংখ্যা-১৬ (ষোল) টি ! অত্র উপজেলায় ০৬টি ইউনিয়নে ০৬টি ও সেতাবগঞ্জ পৌরসভায় ০১টি মোট ০৭টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে।

সিদ্ধান্ত সমূহ ঃ

০১। সভায় বিস্তারিত আলোচনান্তে অস্বচ্ছল/অসহায় মহিলাদেরকে সেলাই দর্জি বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষন কর্যক্রম চলমান রয়েছে উপস্থাপনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

০২। বিবিধ কোন আলোচনা না থাকায় সদস্য সচিব সভাপতিকে সভার সমাপ্তির ঘোষনার জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪/৩/২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
বোচাগঞ্জ ,দিনাজপুর।

CamScanner

মার্চ/২০২৫ মাসের মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার সদস্যগণের হাজিরাঃ

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থানঃ উপজেলা কনফারেন্স রুম।
তারিখ ও সময়ঃ ০৪/০৩/২০২৫ বেলা ১১০০ ঘটিকায়

| ক্রঃ নং — নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- |
| ১। জনাব, মোঃ মারুফ হাসান - সভাপতি - উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ। | [signature] |
| ২। জনাব, শাহনেওয়াজ পারভেজ — সদস্য — চেয়ারম্যান ১নং নাফানগর ইউপি, বোচাগঞ্জ। | [signature] |
| ৩। জনাব, মোঃ আব্বাস কাঞ্চন — সদস্য — চেয়ারম্যান ৩নং মুর্শিদহাট ইউপি, বোচাগঞ্জ। | [signature] 04-03-25 |
| ৪। জনাব, নিমাই চন্দ্র রায় — সদস্য — চেয়ারম্যান ৩নং রনগাঁও ইউপি, বোচাগঞ্জ। | |
| ৫। জনাব, জুলেখা খাতুন - সদস্য - সচিব - উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোচাগঞ্জ। | [signature] ০৪/৩/২৫ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

তারিখঃ ০৪/০৩/২০২৫ খ্রিঃ।

স্মারক নং-৩২.০১.২৭২১.০০০.১৮.০০৪.২৫ -

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
০১। উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ,দিনাজপুর।
০২। উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
০৩। চেয়ারম্যান................................ ইউ,পি, বোচাগঞ্জ,দিনাজপুর।
০৪। অফিস কপি।

০৪/০৩/২৫
(জুলেখা খাতুন)
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বোচাগঞ্জ,দিনাজপুর।

CamScanner